দৈনিক ইনকিলাব

তারিখ ... 15 MAR 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

171

# মুজিববাদী ছাত্রলীগ রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা নেতাদের একযোগে পদত্যাগের হুমকি

**রাঃ বিঃ রিপোর্টার ঃ** মুজিববাদী ছাত্রলীগের রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সকল পর্যায়ের নেতৃবৃন্দ সংগঠনের সমস্ত কার্যক্রম থেকে বিরত থাকার অথবা প্রয়োজনে একযোগে পদত্যাগ করার হুমকি দিয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবে গতকাল সন্ধ্যায় এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ কেন্দ্রীয় কার্যকরী সংসদের প্রতি এই হুমকি দিয়েছে। সম্মেলনে বলা হয়, গত ২৭ নভেম্বর '৯৭ ছাত্রলীগ রাঃ বিঃ শাখার সম্মেলন অনুষ্ঠিত হবার প্রায় চার মাস অতিবাহিত হলেও আজ পর্যন্ত কোন কমিটি ঘোষণা না হওয়ায় ছাত্রলীগের কার্যক্রমে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সম্মেলনে আরো বলা হয়, নেতা নির্বাচনের ক্ষেত্রে অগণতান্ত্রিক যে কোন ব্যবস্থাকে ছাত্রলীগের নেতা-কর্মীরা তীব্র ঘৃণা ও প্রতিবাদ জানাবে। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের বিগত কমিটির নেতৃবৃন্দ এবং সকল হল কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের মতামত উপেক্ষা করে বিশ্ববিদ্যালয়ের বাস্তবতাকে পাশ কাটিয়ে যদি কোন স্বার্থান্বেষী মহলের কেবল সন্তুষ্টির জন্য কমিটি ঘোষণা করা হয়, তবে সকল হল সভাপতি ও সম্পাদকরা একযোগে পদত্যাগ করতে বাধ্য হবে। এক প্রশ্নের জবাবে বলা হয়, স্থানীয় মূল দলের লেজুড়বৃত্তির জন্য রাজনীতি করি না। সম্মেলনে লিখিত রক্তব্য পাঠ করেন সাখাওয়াত হোসেন শফিক। উপস্থিত ছিলেন সৈয়দ আলী জিরু, আহসানুল হক পিন্টু, মোহাম্মদ আলী লিটন প্রমুখ।

সূত্র জানায়, ক্যাম্পাসে ছাত্রলীগ বর্তমানে তিনটি গ্রুপে বিভক্ত। এর মধ্যে রুবন গ্রুপের কেন্দ্রে শক্তিশালী অবস্থান রয়েছে। সে কারণে অপর দু'টি গ্রুপ ঐক্যবদ্ধ হয়েছে। এই সাংবাদিক সম্মেলনের মাধ্যমে ছাত্রলীগের কোন্দল চূড়ান্ত রূপ নেবে বলে ঘনিষ্ঠ সূত্রে জানা গেছে।